

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮৩৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্)

পরিচ্ছেদঃ ৫. প্রথম অনুচ্ছেদ - নিষিদ্ধ বস্তু ক্রয়-বিক্রয়

بَابُ الْمَنْهِيّ عَنْهَا مِنَ الْبُيُوْع

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ بَيْعِ الثِّمَارِ حَتَّى يَبْدُو صَلَاحُهَا نَهَى الْبَائِعَ وَالْمُشْتَرِي. مُتَّفِقٌ عَلَيْهِ وَفِي رِوَايَةٍ لِمُسْلِمٍ: نَهَى عَنْ بَيْعِ النَّخْلِ حَتَّى تَزْهُوَ وَعَنِ السنبل حَتَّى يبيض ويأمن العاهة

বাংলা

২৮৩৯-[৬] 'আব্দুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিক্রয়কারী ও ক্রেতাকে ক্রয়-বিক্রয় করতে নিষেধ করেছেন যতদিন পর্যন্ত গাছের ফল (খাবার বা কাজে লাগানোর) উপযুক্ত না হবে। (বুখারী, মুসলিম)[1]

মুসলিম-এর অন্য এক বর্ণনায় রয়েছে, খেজুরে যতদিন পর্যন্ত লাল বা হলুদ বর্ণ না আসে এবং শীষ জাতীয় শস্য (গম ও যব প্রভৃতি) বিক্রি করতে নিষেধ করেছেন (যতক্ষণ পর্যন্ত সম্পূর্ণরূপে পেকে শুকিয়ে সাদা না হয়ে যায়)। আর কোনো প্রকার মোড়কে নষ্ট হওয়া থেকে আশঙ্কামুক্ত না হয়ে যায়, অর্থাৎ- ব্যাধি হতে মুক্ত থাকতে হবে।

ফুটনোট

[1] সহীহ: বুখারী ২১৯৪, মুসলিম ১৫৯৪, আবূ দাউদ ৩৩৬৭, দারিমী ২৫৯৭, ইরওয়া ১৩৫৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস থেকে বুঝা যায় যে, গাছের ফল পরিপক্ক হওয়ার পূর্বেই গাছে ঝুলন্ত অবস্থায় বিক্রয় করা জায়িয নেই। আর এ মর্মে ইবনু 'আব্বাস, জাবির, আবূ হুরায়রাহ্, যায়দ বিন সাবিত, আবূ সা'ঈদ আল খুদরী এবং 'আয়িশাহ্ প্রমুখগণের বর্ণনা রয়েছে। কারণ গাছের অপরিপক্ক ফল বিনষ্ট হওয়া থেকে মুক্ত নয়। যখন



গাছের ফল নষ্ট হয়ে যাবে তখন তো ক্রেতার জন্য কিছুই অবশিষ্ট থাকবে না। (মিরকাতুল মাফাতীহ)

জুমহূর 'উলামাগণ এ হাদীস থেকে দলীল গ্রহণ করেছেন যে, কাঁচা খেজুরের বিনিময় পাকা খেজুর কেনা-বেচা করা হারাম, যদি ওয়নে সমান হয়। কারণ সমতা তখনই গণ্য হবে যখন ফল পরিপক্ক হবে। আর খেজুর শুকালে পাকা খেজুর কাঁচা খেজুরের তুলনায় কমই হ্রাস পায়। (ফাতহুল বারী ৪র্থ খন্ড, হাঃ ২১৮৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন